

একই তারিখে ও স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
www.ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১১.৩১.০০১.২২-৩৬৭

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ  
৩০ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ


৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এমপিওভুক্ত শিক্ষকদের শূন্য পদে অনলাইনে চাহিদা প্রদান (e-Requisition) এবং আগামী ৩ (তিন) বছরের সম্ভাব্য শূন্য পদের তথ্য (Three Years Projection of Vacant Post) সংগ্রহ সংক্রান্ত বিজ্ঞপ্তি  
(শুধুমাত্র MPO পদের জন্য প্রযোজ্য)

এতদ্বারা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক ৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির মাধ্যমে প্রবেশ পর্যায়ের (Entry Level) শূন্য পদে শিক্ষক সুপারিশের লক্ষ্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসা ব্যবস্থাপনা) থেকে MPO ভুক্ত শূন্য পদের অনলাইনে চাহিদা (e-Requisition) সংগ্রহের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত ৬ষ্ঠ নিয়োগ সুপারিশের জন্য অনলাইনে চাহিদা (e-Requisition) এবং আগামী ০৩ (তিন) বছরে (৩১ ডিসেম্বর ২০২৫, ৩১ ডিসেম্বর ২০২৬ ও ৩১ ডিসেম্বর ২০২৭-তারিখে) যে সকল পদ শূন্য হবে ঐ সকল পদের তথ্য ৩১ অক্টোবর ২০২৪ থেকে ১০ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে অনলাইনে প্রদান করতে হবে। অনলাইনে চাহিদা (e-Requisition) প্রদানের পর পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে e-Requisition ফি জমা প্রদান করতে হবে।

২। ৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির আওতায় শূন্য পদে অনলাইনে চাহিদা প্রদানে ইচ্ছুক এনটিআরসিএ-তে নিবন্ধনকৃত সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অনলাইনে চাহিদা (e-Requisition) প্রদান করতে হবে। পূর্বে জারিকৃত কোন গণবিজ্ঞপ্তির আওতায় প্রদত্ত অনলাইনে চাহিদা কোনভাবেই বহাল থাকবে না। এজন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ই-রিকুজিশন প্রদানের শেষ তারিখ পর্যন্ত সকল শূন্য পদের অনলাইনে চাহিদা প্রদান করতে পারবে। অফলাইনে, হার্ডকপিতে অথবা ই-মেইলে কোন চাহিদা গ্রহণযোগ্য হবে না।

৩। প্রসঙ্গত: উল্লেখ্য যে, ৬ষ্ঠ নিয়োগ সুপারিশের জন্য প্রদত্ত অনলাইনে চাহিদা ছাড়াও এবারে ই-রিকুইজিশনের সঙ্গে ৩ (তিন) বছরের সম্ভাব্য শূন্য পদের তালিকাও (Three Years Projection of Vacant Post) প্রদান করতে হবে। ০৩ (তিন) বছরের শূন্য পদের তথ্য প্রদান না করলে ই-রিকুজিশন সাবমিট করা যাবে না।

৪। প্রতিষ্ঠান প্রধানগণ তাদের নিজস্ব User ID এবং Password ব্যবহার করে <http://ngi.teletalk.com.bd> ওয়েবসাইটে অথবা NTRCA ওয়েবসাইটের ([www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)) ই-রিকুজিশন নামক সেবা বক্সের ই-রিকুজিশন লগইন অপশনে ক্লিক করে e-Requisition প্ল্যাটফরমে প্রবেশ করত অনলাইন ফরমটি পূরণপূর্বক শুধুমাত্র MPO ভুক্ত শূন্যপদের অনলাইনে চাহিদা প্রেরণ করবেন। e-Requisition ফরমটি পূরণের সময় এনটিআরসিএ'র ওয়েবসাইটে প্রদর্শিত ই-রিকুজিশন সংক্রান্ত নির্দেশিকাটি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

  
(কাজী কামরুল আহছান)  
পরিচালক (উপসচিব)  
শিক্ষাতন্ত্র ও শিক্ষামান  
এনটিআরসিএ, ঢাকা।